দৈনিক সংবাদ
তারিখ 09 MAR 1995 ... ...
পৃষ্ঠা ৫ কলাম ৬

দৈনিক সংবাদ

67

## উপবৃত্তি লাভের আশায়

কুড়িগ্রাম, ৮ই মার্চ (নিজস্ব সংবাদদাতা)।– উপবৃত্তির টাকা লাভের আশায় তৃতীয় শ্রেণীর ছাত্রীকে ষষ্ঠ শ্রেণীতে ভর্তি দেখানো হচ্ছে বলে এক অভিযোগ পাওয়া গেছে। ঘটনাটি ঘটেছে অত্র জেলার রাজারহাট থানায়।

এ জেলার রাজারহাট থানার বিভিন্ন মাদ্রাসার শিক্ষকরা উপবৃত্তির টাকা লাভের আশায় তৃতীয় শ্রেণীর মেধাবী ছাত্রীদের ষষ্ঠ শ্রেণীতে ভর্তি করাচ্ছেন। উমর মজিদ ইউনিয়নের আর ডি আর এস (এনজিও) পরিচালিত ধনজয় উপ–আনুষ্ঠানিক প্রাথমিক শিক্ষা কেন্দ্রের সদ্য তৃতীয় শ্রেণীতে ওঠা ৬ জন ছাত্রীকে পার্শ্ববর্তী তালুয়াপাড়া মাদ্রাসায় ষষ্ঠ শ্রেণীতে ভর্তি করানো হয়। একইভাবে বিদ্যানন্দ ইউনিয়নের মালাবাড়ী উপ–আনুষ্ঠানিক প্রাথমিক শিক্ষা কেন্দ্রের তৃতীয় শ্রেণীর ৬ জন ছাত্রীকে পাইকার পাড়া দাখিল মাদ্রাসায় ষষ্ঠ শ্রেণীতে ভর্তি করানো হয়।